**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# SUNY ও CUNY ক্যাম্পাসগুলোতে চাইল্ড কেয়ার সম্প্রসারণের জন্য 15.6 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক সিস্টেম জুড়ে চাইল্ড কেয়ারের খরা মোকাবেলা করা, সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কের ক্যাম্পাসগুলোতে পরিষেবা সম্প্রসারণ করার জন্য অর্থায়ন***

***SUNY ও CUNY-এর শিক্ষার্থী ও ফ্যাকাল্টিরা যাতে উচ্চ-মানসম্মত চাইল্ড কেয়ার সেন্টারগুলোর অ্যাক্সেস পায় সে বিষয়টি নিশ্চিত করতে অধিকতর বিস্তৃত স্টেট অব দ্যা স্টেট ইনিশিয়েটিভের দ্বিতীয় পর্যায়***

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York) এবং সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York)-এ চাইল্ড কেয়ারের অ্যাক্সেস সম্প্রসারণের জন্য 15.6 মিলিয়ন ডলারের একটি স্টেট বিনিয়োগের ঘোষণা দিয়েছেন। এই অর্থায়নের মধ্যে SUNY ক্যাম্পাসগুলোতে চাইল্ড কেয়ারের খরা মোকাবেলার জন্য 10.8 মিলিয়ন ডলার এবং CUNY ক্যাম্পাসগুলোতে বাড়তি চাইল্ড কেয়ার পরিষেবা প্রদান করার জন্য 4.8 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। এটি SUNY ও CUNY-এর সব ক্যাম্পাসে শিক্ষার্থী, ফ্যাকাল্টি ও কর্মীরা যাতে উচ্চ-মানসম্মত চাইল্ড কেয়ার সেন্টারগুলোর অ্যাক্সেস পায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য একটি অধিকতর বিস্তৃত উদ্যোগের দ্বিতীয় পর্যায়।

"উচ্চ-মানসম্মত, সাশ্রয়ী চাইল্ড কেয়ারের অপশন সম্প্রসারণ করা নিউ ইয়র্কবাসীদের জন্য আরো বেশি সমতাপূর্ণ ও অ্যাক্সেসযোগ্য উচ্চতর শিক্ষা ব্যবস্থা তৈরি করার ক্ষেত্রে একটি অপরিহার্য উপাদান," **বলেছেন গভর্নর হোকল।** "আমার প্রশাসন সব মা-বাবার জন্য মানসম্মত চাইল্ড কেয়ারের অ্যাক্সেস নিশ্চিত করতে অঙ্গীকারাবদ্ধ রয়েছে, এবং এই তহবিল বাবা-মায়েদের জন্য একটি মানসম্মত শিক্ষা অর্জন করতে এবং নিজেদের ও নিজেদের পরিবারের জন্য একটি উন্নত ভবিষ্যত গড়ে তুলতে তাদের প্রয়োজনীয় সহায়তা পাওয়া নিশ্চিত করার লক্ষ্যে গৃহীত একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক-এর কিছু ক্যাম্পাসে, নির্ভরশীল ব্যক্তি রয়েছে এমন শিক্ষার্থীদের মধ্যে প্রায় 80 শতাংশ জানিয়েছে যে তাদের চাইল্ড কেয়ার চাহিদা পূরণ করতে সমস্যার সম্মুখীন হতে হয়েছে। স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক সবচেয়ে বেশি চাহিদা রয়েছে

এমন ক্যাম্পাসগুলোতে 7.6 মিলিয়ন ডলার ব্যয়ে অন-সাইট চাইল্ড কেয়ার পরিষেবা সম্প্রসারণ করছে, যেগুলোর মধ্যে রয়েছে: আলফ্রেড স্টেট (Alfred State), SUNY ক্যান্টন (SUNY Canton), SUNY কলেজ অব এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ফরেস্ট্রি (SUNY College of Environmental Science and Forestry), জেমসটাউন কমিউনিটি কলেজ (Jamestown Community College), SUNY ওল্ড ওয়েস্টবারি (SUNY Old Westbury) এবং SUNY সালিভান (SUNY Sullivan)।

এছাড়াও ডাউনটাউন আলবানিতে চাইল্ড কেয়ারের চাহিদা মোকাবেলায় স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক সিস্টেম এবছর সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশনের লোকেশনে একটি চাইল্ড কেয়ার সেন্টার প্রদানের জন্য প্রস্তাব আহবান করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

**স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক-এর অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরা এফ. স্ট্যানলি বলেন,** "শিক্ষার্থীদের সফলতার জন্য আমরা একটি সামগ্রিক কর্মপদ্ধতি গ্রহণ করেছি এবং গভর্নর হোকল ও আমাদের আইনসভার কল্যাণে নিউ ইয়র্ক স্টেটে আমরা দারুণ অগ্রগতি অর্জন করেছি, এবং চাইল্ড কেয়ারের অ্যাক্সেস সম্প্রসারণ করা বহু শিক্ষার্থী ও ফ্যাকাল্টির জন্য সমানভাবে গুরুত্বপূর্ণ। এই উদ্যোগের দ্বিতীয় পর্যায় আমাদের অবশিষ্ট 'চাইল্ড কেয়ারের খরা' মোকাবেলা করছে এবং কলেজের সেসব পরিবারকে অতি প্রয়োজনীয় স্বস্তি প্রদান করছে যারা আমাদেরকে জানিয়েছিলেন যে তারা সেবা খুঁজে পাওয়ার ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছেন। SUNY-তে এবং আমাদের শিক্ষার্থীদের জন্য নিউ ইয়র্ক স্টেট একটি উল্লেখযোগ্য বিনিয়োগ করছে, এবং আমরা আশা করছি যে আরো বেশি বাবা-মা আমাদের ক্যাম্পাসগুলোতে যোগদান করবেন এবং নিজেদের কলেজ ডিগ্রি অর্জনের প্রতি মনোযোগী হবেন।"

সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক যেসব ক্যাম্পাসে সেন্টার নেই সেগুলোতে চাইল্ড কেয়ার পরিষেবা সম্প্রসারণ করার জন্য 4.8 মিলিয়ন ডলার পাচ্ছে, যার মধ্যে কুইন্সবরো কমিউনিটি কলেজে (Queensborough Community College) একটি নতুন সেন্টারের জন্য 1.2 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে, যা CUNY-এর বিদ্যমান সেন্টারগুলোর কার্যপরিচালনা অব্যাহত রাখার জন্য স্টেটের অবদান রাখা 3.1 মিলিয়ন ডলারেরও বেশি অর্থায়নের সঙ্গে যোগ হচ্ছে। এই নতুন লোকেশনের পাশাপাশি, এই সম্প্রসারণ সিস্টেমজুড়ে 100টি আসনও যোগ করবে যেগুলো প্রধানত কম বয়সী শিশু, যেমন নবজাতক ও অল্পবয়সী শিশুদের সেবা প্রদান করবে। এসব সংযোজন CUNY-এর চাইল্ড কেয়ার সেন্টারগুলোর মাধ্যমে ইতোমধ্যে প্রদানকৃত সহায়তাকে জোরদার করবে, যেগুলো বাবা-মায়ের জন্য কম-খরচের ফি অফার করে থাকে এবং কোনো শিক্ষার্থী-বাবা/মাকে পরিষেবা গ্রহণ থেকে বঞ্চিত করে না।

**সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক-এর চ্যান্সেলর ফেলিক্স ভি. মাতোস রডরিগেজ বলেন,** "আমাদের কলেজগুলোতে চাইল্ড কেয়ার পরিষেবা সম্প্রসারণ করার অর্থ হলো এমন একটি প্রতিবন্ধকতা অপসারণ করা যেটি অন্যথায় নিউ ইয়র্কবাসীদের জন্য একটি কলেজ ডিগ্রি অর্জন করা অথবা আমাদের শিক্ষার্থীদের শিক্ষিত করে তোলার পথ রুদ্ধ করে দিত। CUNY-এর আন্ডারগ্র্যাজুয়েট শিক্ষার্থীদের মধ্যে যারা বাবা-মা হয়েছেন এমন শিক্ষার্থীদের 10 শতাংশেরও বেশি অংশকে তাদের একাডেমিক ও ক্যারিয়ারের লক্ষ্যসমূহের প্রতি মনোযোগী হওয়ার জন্য তাদের প্রয়োজনীয় সংস্থানসমূহ প্রদান করাটা তাদের পাশে দাঁড়ানোর জন্য আমাদের

প্রচেষ্টাগুলোর মধ্যে একটি প্রচেষ্টা মাত্র। এই প্রণীত বাজেটে চাইল্ড কেয়ার পরিষেবার অ্যাক্সেসকে একটি অগ্রাধিকার হিসেবে গ্রহণ করায়, এবং আমাদের শিক্ষার্থী, ফ্যাকাল্টি ও কর্মীদের উপর তার অব্যাহত বিনিয়োগের জন্য আমরা গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

চাইল্ড কেয়ারের খরা মোকাবেলা করার পাশাপাশি, এবছরের শুরুতে ঘোষণা করা গভর্নরের উদ্যোগের মধ্যে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক-এর জন্য এটির বর্তমান সেন্টারগুলোকে সহায়তা করার জন্য 4.5 মিলিয়ন ডলারের ফেডারেল ও স্টেট তহবিল এবং সেইসাথে পরবর্তী প্রজন্মের চাইল্ড কেয়ার পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদানের জন্য একটি কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে।

**অ্যাসেম্বলি সদস্য ডেবোরা জে. গ্লিক বলেন,** "চাইল্ড কেয়ারের অ্যাক্সেসের অভাব কখনোই সম্ভাব্য শিক্ষার্থীদেরকে উচ্চতর শিক্ষা অর্জন থেকে বিরত রাখা উচিত নয়। একটি কলেজ ডিগ্রি আর্থিক সমৃদ্ধি অর্জনের নিশ্চিততম পথ, এবং আমাদের অবশ্যই এই বিষয়টি নিশ্চিত করতে হবে যে সব নিউ ইয়র্কবাসী, বিশেষ করে সিঙ্গেল বাবা-মা এবং নিম্ন-আয়ের পরিবারগুলো যাতে তাদের শিক্ষা ও ক্যারিয়ারকে এগিয়ে নিয়ে যেতে পারে। চাইল্ড কেয়ারের অ্যাক্সেসকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং আগামী বছরে এই সফলতা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা করি।"

2021-2022 শিক্ষাবর্ষে, স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক অনসাইট চাইল্ড কেয়ার সেন্টার রয়েছে এমন 46টি SUNY ক্যাম্পাসজুড়ে প্রায় 4,500টি চাইল্ড কেয়ার স্পটের মাধ্যমে 650 জন শিক্ষার্থী-বাবা-মাকে সেবা প্রদান করেছে। বাড়তি সেন্টারগুলোর মাধ্যমে আরো 350টি চাইল্ড কেয়ার স্পট লভ্য হবে। এসব সেন্টার অনুষদ সদস্য, কর্মচারী, ও স্টেটের কর্মচারীদের, এবং সেইসাথে প্রতিবেশী কমিউনিটিকেও সেবা প্রদান করে থাকে - যাদের প্রত্যেকে মোট চাইল্ড কেয়ার স্পটের আনুমানিক এক তৃতীয়াংশ ব্যবহার করে থাকে।

সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক বর্তমানে এটির 25টি ক্যাম্পাসের মধ্যে 17টিতে চাইল্ড কেয়ার সেন্টার পরিচালনা করছে। 2021-2022 একাডেমিক বর্ষের সময়ে, এসব সেন্টারে 1,400 আসন লভ্য ছিল। এসব ফ্যাসিলিটি প্রধানত CUNY-এর শিক্ষার্থী-বাবা-মায়েদের সেবা প্রদান করেছে, যদিও আনুমানিক এক-তৃতীয়াংশ আসন CUNY-এর ফ্যাকাল্টি ও কর্মীদের অথবা ক্যাম্পাসের পার্শ্ববর্তী কমিউনিটিগুলোর বাবা-মায়েদের সেবা প্রদান করেছে। সেন্টারগুলো সপ্তাহে পাঁচ বা ছয় দিন কার্যক্রম পরিচালনা করে থাকে, প্রয়োজন হলে সান্ধ্যকালীন ঘণ্টাগুলোতেও। স্কুলে যাওয়ার বয়সী শিশুদের সেবা প্রদান করার পাশাপাশি এই নমনীয়তা CUNY-এর শিক্ষার্থীদের জন্য তাদের কোর্সগুলোতে উপস্থিত থাকাকে আরো সহজ করেছে। অধিকাংশ সেন্টার গ্রীষ্মকালেও কার্যক্রম পরিচালনা করে থাকে।

শিক্ষার্থী-বাবা-মায়েরা তারা যে CUNY কলেজে ভর্তি হয়েছে সেটির বাইরে অন্য কোনো সেন্টারেও তাদের সন্তানদের ভর্তি করাতে পারেন, যা শিক্ষার্থীকে যদি বাড়ি থেকে দূরের কোনো CUNY কলেজে যেতে হয়, অথবা যদি নিজের কলেজের সেন্টারটির ধারণক্ষমতা পূর্ণ হয়ে যায় অথবা সান্ধ্যকালীন সময়ে এবং উইকএন্ডের সময় শিক্ষার্থীর চাইল্ড কেয়ার প্রয়োজন হয়, এমন সব ক্ষেত্রে নমনীয়তা প্রদান করে থাকে।

## নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির যেকোনো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো স্টেটে, SUNY-র চারটি একাডেমিক স্বাস্থ্যকেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি আইন স্কুল, স্টেটের একমাত্র অপ্টোমেট্রি রয়েছে, এবং এটি একটি মার্কিন এনার্জি ডিপার্টমেন্টের জাতীয় গবেষণাগার (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। সর্বমোট, SUNY এটির ক্রেডিট- ও নন-ক্রেডিট-বিশিষ্ট কোর্স ও প্রোগ্রামগুলোতে প্রায় 1.3 মিলিয়ন শিক্ষার্থীকে সেবা প্রদান করার মাধ্যমে শিক্ষা, ও কমিউনিটি কেন্দ্রিক প্রচারণা কর্মসূচি অব্যাহত রেখেছে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2021 অর্থবছরে গবেষণা ব্যয় ছিলো প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও ফ্যাকাল্টির উল্লেখযোগ্য অবদান ছিলো। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কিভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে www.suny.edu ওয়েবসাইট দেখুন।

## সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক সম্পর্কে

সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক হচ্ছে দেশের বৃহত্তম শহুরে সরকারি বিশ্ববিদ্যালয়, সামাজিক গতিশীলতার একটি রূপান্তরমূলক চালিকা শক্তি যেটি নিউ ইয়র্ক সিটির প্রাণশক্তির একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান। 1847 সালে উচ্চতর শিক্ষার জন্য দেশের প্রথম উন্মুক্ত সরকারি শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত হওয়া CUNY-তে আজ নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরো জুড়ে অবস্থিত সাতটি কমিউনিটি কলেজ, 11টি সিনিয়র কলেজ এবং সাতটি গ্র্যাজুয়েট বা প্রফেশনাল ইনস্টিটিউট রয়েছে, যেগুলো প্রতি বছর 243,000 জনেরও বেশি আন্ডারগ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট শিক্ষার্থীকে সেবা প্রদান করছে এবং 55,000 এরও বেশি ডিগ্রি প্রদান করছে। CUNY এর মান এবং সাশ্রয়ীতার মিশ্রণটি আইভি লীগের (Ivy League) সমস্ত কলেজের সম্মিলিত অংকের চেয়েও প্রায় ছয়গুণ বেশি মধ্যবিত্ত এবং তারও বেশি নিম্ন-আয়ের শিক্ষার্থীকে সম্মুখে এগিয়ে নেয়। বিশ্ববিদ্যালয়ের 80 শতাংশেরও বেশি গ্রাজুয়েট যারা নিউ ইয়র্কে অবস্থান করেন, তারা শহরের অর্থনৈতিক, নাগরিক এবং সাংস্কৃতিক জীবনের সমস্ত দিকগুলিতে অবদান রাখেন এবং প্রতিটি ক্ষেত্রে নগরীর কর্মশক্তিকে বৈচিত্র্যময় করে তোলেন। CUNY এর গ্রাজুয়েট এবং অনুষদরা অনেক সম্মানজনক পদক পেয়েছেন, 13টি নোবেল পুরষ্কার এবং 26টি ম্যাকআর্থার "জিনিয়াস" গ্র্যান্ট (MacArthur "Genius" Grant) সহ। ইউনিভার্সিটির ঐতিহাসিক যাত্রা আজও অব্যাহত রয়েছে: ধরন বা পটভূমি নির্বিশেষে সকল শিক্ষার্থীদের জন্য যা প্রথম স্তরের গণ শিক্ষা প্রদান করছে। CUNY সম্পর্কে আরো জানতে, ভিজিট করুন https://www.cuny.edu।

###